

বেসু : কেন্দ্রের দ্রুত সিদ্ধান্ত চেয়ে চিঠি দিয়েছে রাজ্য

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ১২ই মার্চ — বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিকে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষাকেন্দ্র হিসাবে ঘোষণা এবং সম্পূর্ণ আর্থিক দায়িত্ব নিতে কেন্দ্রীয় সরকার বিলম্ব করছে। এব্যাপারে দ্রুত সিদ্ধান্ত গ্রহণের জন্য মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য প্রধানমন্ত্রী মনমোহন সিংকে ২২শে ফেব্রুয়ারি চিঠি দিয়েছেন। সোমবার বিধানসভার প্রণোক্তির পর্বে একথা বলেন উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরী। বিধায়ক সৌগত রায়ের করা প্রশ্নের উত্তরে রায়চৌধুরী বলেন, জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষাকেন্দ্র হিসাবে ঘোষণার আগে সংসদে কেন্দ্রীয় সরকারকে একটি বিল আনতে হয়। কেন্দ্রীয় সরকার গত শীতকালীন অধিবেশনে সেই বিল নিয়ে আসেনি। সম্প্রতি মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক থেকে রাজ্যকে জানানো হয়েছে সংসদের চলতি বাজেট অধিবেশনে এই বিল নিয়ে আসা হবে।

এই গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়কে জাতীয় স্তরে উন্নীত করার ক্ষেত্রে যে প্রস্তাব রয়েছে। সেখানে একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ৫১৯ কোটি টাকা দেওয়ার কথা বলা হয়েছে। কিন্তু একাদশ পরিকল্পনার সময় শেষ হবার পর রাজ্য সরকারকে আর্থিক প্রস্তুতি রাখার কথাও বলা হয়েছে। রায়চৌধুরী বলেন, জাতীয় স্তরে উন্নীত গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে শুধু পাঁচ বছরের আর্থিক দায়িত্ব থাকবে কেন। এক্ষেত্রে মানবসম্পদ বিকাশ দপ্তরের আরো বেশি উদ্যোগ নেওয়া প্রয়োজন। উচ্চশিক্ষামন্ত্রী বলেন দেশের এমন ৫টি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অধ্যাপক আমাদ বিশ্বাস কমিটির সুপারিশ গ্রহণ করেছে। কিন্তু কেরালা, অন্ধ্র প্রদেশ এবং দেশের অন্য কোথাও এখন সেই সুপারিশ কার্যকর হয়নি। এ রাজ্যের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটির ক্ষেত্রেও একই অবস্থা হয়ে আছে।

গ্রেডেশন প্রথা : কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতক স্তরে ভর্তি হওয়ার ক্ষেত্রে গ্রেডেশন প্রথা চালু করার বিষয় নিয়ে আলোচনা চলছে। তবে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ গ্রেডেশন প্রথা চালু করার কথা জানিয়েছে। সংসদ সিদ্ধান্ত নিয়েছে। গ্রেডেশন প্রথায় মোট প্রাপ্ত নম্বরের মধ্যে থেকে সর্বোচ্চ নম্বর পেয়েছে এমন পাঁচটি বিষয় নিয়ে গ্রেড তৈরি হবে। বিধায়ক সামসুল ইসলাম মোল্লার প্রশ্নের উত্তরে উচ্চশিক্ষামন্ত্রী বলেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিডিকেট